

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৪২(আগরতলা-০৭।০৯)
উদয়পুর, ০৭ সেপ্টেম্বর, ২০১৯

উদয়পুর মহকুমায় প্রাণী পালনে সহায়তা

প্রাণী পালনের মাধ্যমে আয়বৃদ্ধির লক্ষ্যে উপজাতি কল্যাণ দপ্তরের বরাদ্দ অর্থে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মাধ্যমে উদয়পুর মহকুমা এলাকায় ২৪ জন উপজাতি প্রাণী পালককে সহায়তা দেওয়া হবে। এই কর্মসূচিতে মাতাবাড়ী, কাকড়াবন টেপানিয়া ও কিল্লা ব্লকের ৬ জন করে প্রাণী পালক উপকৃত হবেন। শূকর পালনের জন্য মাতাবাড়ী, কাকড়াবন ও টেপানিয়া ব্লকে ২ জন করে এবং কিল্লা ব্লকে ৩ জনকে সহায়তা দেওয়া হবে। ছাগল পালনের জন্য মাতাবাড়ী, কাকড়াবন ও টেপানিয়া ব্লকে ৩ জন করে এবং কিল্লা ব্লকে ২ জনকে সহায়তা দেওয়া হবে। পল্ট্রি মোরগ পালনে মাতাবাড়ী, কাকড়াবন, টেপানিয়া ও কিল্লা ব্লকে ১ জন করে সুবিধাভোগীকে সহায়তা দেওয়া হবে। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদয়পুর উপ-আধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
